



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/14/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট ট্রুপারের পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশনের দুইটি ইউনিটের সাথে তিন বছরের শ্রম চুক্তির আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়ার কথা ঘোষণা করলেন, যা আনুমানিক 4,000 চাকরিজীবীর প্রতিনিধিত্ব করে

ট্রুপার ইউনিটের সাথে চুক্তি 3,100 এর বেশি ট্রুপারকে আওতাভুক্ত করে

কমিশনড অফিসার/নন-কমিশনড অফিসারদের ইউনিটের সাথে চুক্তির আওতায় আরো 830 এর বেশি অফিসার থাকবেন

চুক্তিতে রয়েছে বার্ষিক বেতন বৃদ্ধি, অবস্থানঅনুযায়ী পারিশ্রমিক বৃদ্ধি, 12 সপ্তাহ পর্যন্ত সবতন প্যারেন্টাল ছুটি এবং স্বাস্থ্য সংক্রান্ত সুযোগ সুবিধার পরিবর্তন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্ক স্টেট এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশকে (New York State Police) সেবাদান করা নিউ ইয়র্ক স্টেট ট্রুপার, ইনকর্পোরেটেডের (New York State Troopers, Inc.) পুলিশ বেনেভোলেন্ট অ্যাসোসিয়েশনের (Police Benevolent Association, PBA) প্রতিনিধিত্ব করা দুইটি ইউনিটের সাথে একটি চুক্তিকে আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়ার কথা ঘোষণা করেছেন। ট্রুপার ইউনিটে স্টেট পুলিশ বিভাগের (Division of State Police) 3,100 এর বেশি ট্রুপার রয়েছে যাদের উপর রাস্তার টহলের এবং গ্রামীণ এলাকায় আইন শৃঙ্খলা রক্ষার, এবং বিভিন্ন স্টেট পুলিশ স্টেশনের কর্মকাণ্ড পরিচালনা ককরার দায়িত্ব রয়েছে। কমিশনড অফিসার/নন-কমিশনড অফিসারদের ইউনিটে (Commissioned Officer/Non-Commissioned Officer Unit) আরো 830 এর বেশি অফিসার রয়েছে যাদের র্যাঙ্ক হলো মেজর, ক্যাপ্টেন, লেফটেন্যান্ট এবং বিভিন্ন পর্যায়ের সার্জেন্ট যাদের উপর ট্রুপার ও গোয়েন্দাদের তত্ত্বাবধান করার দায়িত্ব রয়েছে, তারাও স্টেট পুলিশ বিভাগের অংশ। চুক্তিগুলি, যা 31 মার্চ, 2026 পর্যন্ত চলে, ট্রুপারস ইউনিটের 82 শতাংশ সদস্য যারা ভোট দিয়েছেন এবং 87 শতাংশ কমিশনড অফিসার/নন-কমিশনড অফিসার ইউনিট সদস্য যারা ভোট দিয়েছেন তাদের অনুমোদন পেয়েছে।

“নিউ ইয়র্ক স্টেট ট্রুপারদের PBA-এর সাথে এই শ্রম চুক্তিগুলি সামর্থ্যের প্রতি আমাদের প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে এবং নিশ্চয়তা দেয় যে ট্রুপারস ইউনিটের নির্ভীক সদস্য এবং কমিশনড অফিসার/নন-কমিশনড অফিসার ইউনিট তাদের সহকর্মী নিউ ইয়র্কবাসীদের সেবা ও সুরক্ষার জন্য তাদের অঙ্গীকারের জন্য ন্যায্য পারিশ্রমিক পাবেন”, **গভর্নর Hochul (হোকল) বলেন।** “আলাপ আলোচনার পুরো সময় নিউ ইয়র্ক স্টেট ট্রুপারদের নেতৃবৃন্দের PBA এর

অংশীদারিত্বের আমি প্রশংসা করি এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য তাদের পেশাদারিত্ব ও সাহসিকতার জন্য এর সদস্যদের ধন্যবাদ জানাই।"

উভয় আনুষ্ঠানিক স্বীকৃত চুক্তিতে প্রত্যেক বছরে সম্প্রতি সমঝোতা সম্পন্ন হওয়া অন্যান্য চুক্তির সাথে সঙ্গতি রক্ষা করে পারিশ্রমিক বৃদ্ধির বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, চুক্তিগুলিতে পারিশ্রমিকের অন্যান্য বৃদ্ধি যেমন একটি এককালীন বোনাস এবং 12 সপ্তাহ পর্যন্ত সম্পূর্ণ বেতন সহ সন্তান লালন-পালনের জন্য ছুটি অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও চুক্তিগুলিতে স্বাস্থ্য বীমা কর্মসূচির পরিবর্তন রয়েছে যা নেটওয়ার্কের অন্তর্ভুক্ত চাকরিজীবীদের স্বাস্থ্য বীমার ব্যয়ের সদ্যবহার ও নিয়ন্ত্রণে সাহায্য করতে উৎসাহিত করবে।

চুক্তি ভোট, প্রথমবারের মতো, ইলেকট্রনিকভাবে পরিচালিত হয়েছিল যা ইউনিয়নকে পেশাদারিকরণ এবং সদস্য পরিষেবাগুলি উন্নত করার জন্য PBA-এর চলমান প্রচেষ্টার অংশ।

নিউ ইয়র্ক স্টেট ট্রুপারস PBA প্রেসিডেন্ট Charles W. Murphy (চার্লস ডব্লিউ. মারফি) বলেন, "এই চুক্তির মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট আমাদের বর্তমান ট্রুপারদের অক্লান্ত পরিশ্রমকে স্বীকৃতি দেয় এবং সেইসাথে নিউ ইয়র্কবাসীদের কাছে একটি বার্তা পাঠায় যে যারা আমাদের পদে যোগদান করবে তাদের ক্ষেত্রে ন্যায্যতার জন্য স্টেট প্রতিশ্রুতিবদ্ধ। উত্তর-পূর্ব এবং দেশ জুড়ে আমাদের সহকর্মীদের সাথে কথা বলার সময়, আমরা জানি যে এই চুক্তিতে দেওয়া অভিভাবকীয় ছুটি এবং অন্যান্য সুবিধাগুলি একটি নতুন মডেল সেট করেছে যা অন্যান্য স্টেটগুলিকে অবশ্যই সেরাদের সেরাকে ধরে রাখা এবং নিয়োগ করা প্রতিলিপি করতে হবে। সমস্ত নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে এবং পরিষেবা দেওয়ার জন্য আমরা আমাদের কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)